# Paterson
Great Falls • Great Food • Great Future

# COVID-19 FAQ

বুধবার, মার্চ ১৮,২০২০- বিকাল ২.০০ ঘটিকায় সর্বশেষ হালনাগাদকৃত এবং নিয়মিত হালনাগাদযোগ্য।

**কভিড-১৯ (করোনা ভাইরাস) সম্পর্কে জানতে — কল করুন ২-১-১**

**পাঠ্য তথ্য গ্রহণ এবং অবহিত থাকার জন্য 898-211 নাম্বারে NJCOVID লিখে টেক্সট করুন**

www.patersonnj.gov/covid19

## কারফিউ?

সোমবার, ০৩/১৬/২০২০, গভর্নর ফিল মারফি সমস্ত অপ্রয়োজনীয় ভ্রমণ রাত ৮.০০টা থেকে ভোর ৫.০০ টা পর্যন্ত নিরুৎসাহিত করেছেন।

এটি রেস্তোঁরা, মুদি দোকান এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যবসায়ের কর্মঘন্টায়ের ক্ষেত্রে প্রযোজ্য না, যা তাদের সাধারণ কর্মঘন্টা চলাকালীন উন্মুক্ত থাকতে পারে।

## রেস্তোঁরার ভিতরে খাবার পরিবেশন করা যাবে?

না, রেস্তোঁরাগুলি কেবলমাত্র বহন করে নেওয়া, সরবরাহ করা বা ড্রাইভওয়ের মাধ্যমে সীমাবদ্ধ থাকবে।

আদেশ অমান্য করে কাজ করা রেস্তোঁরা এবং অন্যান্য ব্যবসায়ের সম্পর্কে জানাতে দয়া করে প্যাটারসন প্লাস এবং "করোনভাইরাস" বিভাগটি ব্যবহার করুন।

## যে ব্যবসাগুলো অপরিহার্য হিসেবে গ্রহণযোগ্য হবে?

- মুদির দোকান / বোডেগ্যাস
- রেস্তোঁরা (নিয়ে যাওয়া, সরবরাহ করা, ড্রাইভওয়ে)
- ব্যাংক / চেক নগদ পরিষেবা
- ফার্মেসী
- লন্ড্রি
- গ্যাস স্টেশন
- লাইসেন্সযুক্ত ডে কেয়ার সেন্টার
- টায়ার মেরামত / যান্ত্রিক
- ব্যবসায়ের প্রয়োজনীয় সরবরাহ
- জরুরি মেডিকেল অফিসগুলি (দয়া করে রুটিন অ্যাপয়েন্টমেন্টগুলি পুনরায় নির্ধারণ করুন)

## যে ব্যবসাগুলো অপরিহার্য হিসেবে গ্রহণযোগ্য হবে না?

- বার এবং নাইটক্লাব যেগুলো খাবার সরবরাহ করে না।
- গো-গো বারগুলি
- ফুড (খাদ্য) ট্রাক
- মুভি থিয়েটার এবং শপিংমল
- জিম এবং ফিটনেস কেন্দ্র
- নাপিতের দোকান, বিউটি সেলুন, নেইল সেলুন, ম্যাসেজ পার্লার
- কারখানা
- পোশাক ও বস্ত্র প্রস্তুত
- ধূমপানের দোকান, মদ ও বিয়ারের দোকানে
- বইয়ের দোকান
- জুতার দোকান, পরিচ্ছন্নতার পরিষেবা
- জরুরি নয় এমন মেডিকেল অফিস

## কিভাবে টেস্ট হবে?

প্যাসেক কাউন্টির সাথে মিলে প্যাটারসন সিটিও বিকল্প মোবাইল পরীক্ষা পদ্ধতি প্রয়োগের চেষ্টা করছে। ততক্ষণ পর্যন্ত, যদি আপনি জ্বর, কাশি এবং শ্বাসকষ্টে ভোগেন, দয়া করে টেলিমেডিসিন অথবা আপনার চিকিৎসককে কল করুন।

## স্কুলের খাদ্য বিতরন

ছাত্রছাত্রীদের নাস্তা ও দুপুরের খাবার সকাল ১০টা থেকে বিকেল ১টা পর্যন্ত প্যাটারসন সিটির ছয় ওয়ার্ডে দুটি করে স্থানে সরবরাহ করা হচ্ছে। ছাত্রছাত্রীর এবং অভিভাবকরা তাদের বাসার কাছাকাছি বিতরণ লোকেশন থেকে খাবার সংগ্রহ করতে পারবেন।

বিতরণ সাইটগুলির তথ্যের জন্য ভিজিট করুন
www.paterson.k12.nj.us

## অন্য কোন সীমাবদ্ধতা কি আছে?

- হ্যাঁ, প্রার্থনা কেন্দ্র / উপাসনা হলে কোন জামায়াত হবে না।
- খেলার স্থান এবং মাঠগুলি বন্ধ রয়েছে; পার্কে কোন সমাবেশ করা যাবে না, তবে নিরাপদ সামাজিক দূরত্ব বজায় রেখে বাইক চালানো, হাঁটাচলা, অনুশীলন করার সময় পার্কগুলি উপভোগ করা যাবে

## আর্থিকভাবে প্রভাবিত ব্যবসায়গুলোর জন্য কোন সমর্থন করা হবে কি?

ব্যবসায়গুলোকে সমর্থনের জন্য মেয়র একটি বিজনেস টাস্ক ফোর্স ঘটন করেছেন, যাতে ব্যবসায়ীগন তাদের সাথে আলোচনা করে আঞ্চলিক, রাজ্যিয় এবং রাষ্ট্রীয় সুযোগ সুবিধাদি গ্রহন করতে পারেন। এই গ্রুপের কাজ হবে আগামী দিন গুলিতে সবাইকে তথ্য দিয়ে সহযোগীতা করা।

## মেয়র আন্দ্রে সায়েগের পক্ষ থেকে আপডেট

বর্তমান পরিস্থিতি অস্থিতিশীল এবং অতিদ্রুত পরিবর্তনশীল - এমনকি কখনও কখনও এক ঘণ্টার ভেতরেও অবস্থা পরিবর্তন হয়। রাজ্যপাল বা গর্ভনরের জরুরি ঘোষনার সাথে তাল মিলিয়ে মেয়র নিয়মিত পরিস্থিথি পর্যবেক্ষন করে যাচ্ছেন। জরুরি ঘোষণায় কোনও সমন্বয় করা দরকার হলে, সোমবার সাপ্তাহিকভাবে তা ঘোষণা করা হবে।

মেয়র সায়েগ প্যাটারসন সিটির সমস্ত বাসিন্দাকে ফেসবুক এবং টুইটারে প্যাটারসন সিটিকে অনুসরণ এবং নিয়মিত আপডেটের জন্য আপনার অ্যাপ স্টোর থেকে "প্যাটারসন প্লাস" অ্যাপটি ডাউনলোড করতে অনুরোধ করেছেন। তিনি সবাইকে সর্বাধিক যুগোপযোগী তথ্যের জন্য শহরের বিশেষ ওয়েবপেইজ ভিজিটেও উৎসাহিত করেন।

**www.patersonnj.gov/covid19**

**Watch Mayor Sayegh live daily at 5pm.**

*YouTube - City of Paterson NJ*

*Cablevision - Channel 77* *Verizon Fios - Channel 32*